345

ভোরের কাগজ

তারিখ JAN. 7 1999
পৃষ্ঠা ৭ কলাম ২

খুলনায় ছাত্রঐক্যের নেতৃবৃন্দ

# শিক্ষা সংকোচনের যেকোনো নীতি প্রতিরোধ করা হবে

খুলনা প্রতিনিধি : গণতান্ত্রিক ছাত্রঐক্যের কেন্দ্রীয় নেতৃবৃন্দ সরকারকে হুঁশিয়ারি দিয়ে বলেছেন, শিক্ষা সংকোচনের যেকোনো শিক্ষানীতি প্রতিরোধ করা হবে। নেতৃবৃন্দ দাবি করেন শিক্ষার আর্থিক দায়-দায়িত্ব সম্পূর্ণভাবে সরকারকে বহন করতে হবে।

ছাত্রঐক্য নেতৃবৃন্দ গত ৪ জানুয়ারি সকাল ১১টায় খুলনা প্রেসক্লাব মিলনায়তনে আয়োজিত কর্মী সভায় বক্তৃতা করছিলেন। সমীর দাসের সভাপতিত্বে অনুষ্ঠিত কর্মী সভায় সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্ট সভাপতি নূরুল ইসলাম, ছাত্র ইউনিয়ন সভাপতি হাসান হাফিজুর রহমান সোহেল ও ছাত্রমৈত্রী সভাপতি জিয়াউল হক জিয়া বক্তৃতা করেন।

নেতৃবৃন্দ বলেন, আগামী ১৪ ফেব্রুয়ারি কেন্দ্রীয়ভাবে শিক্ষা ভবন এবং জেলা পর্যায়ে জেলা প্রশাসকের কার্যালয় ঘেরাও-এর মধ্য দিয়ে নতুনভাবে ছাত্র আন্দোলন গড়ে তোলা হবে।